# সেবা সহজীকরণ প্রস্তাবনা
# (জেলা ও উপজেরা দপ্তর)

**সেবা প্রোফাইল**

**ক) সেবার নাম :**

প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ।

**খ) সেবার বর্ণনা ও সহজিকরণের যৌক্তিকতা :**

কোন প্রাথমিক সমবায় সমিতির নির্বাচিত/নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি মেয়াদের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে না পারলে বিদ্যমান/মেয়াদোর্ত্তীণ কমিটির আবেদন মোতাবেক সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩ এর ১৮ (৫) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তর্বর্তী কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মুলধন ৫০,০০০/- টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। সমবায় সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান। আয় ব্যয় নির্বাহসহ সমিতির দৈনন্দিন কযাক্রম ব্যবস্থাপনা কমিটি পরিচালনা করেন। কোন সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকলে মেয়াদোর্ত্তীণ কমিটি ব্যক্তিদের দ্বারা সমিতি পরিচালনা করা প্রবণতা পরিলক্ষিত হয়। এত কোন উক্ত সময়ে সমিতি পরিচালনায় আর্থিক ও ব্যবস্থাপনাগত জটিলতা সৃষ্টি হয়। যেহেতু সমবায় সমিতি একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান সেহেতু সমবায়সমিতি পক্ষে সমবায়ের ব্যবস্থাপনা কমিটির আবেদনর প্রেক্ষিতে যাবতীয় সেবা প্রদান করা হয়। মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি অনেক সময় নিজ স্বার্থে হোক বা নিয়ম-কানুন না জানার কারনেই হোক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রেরণ করতে পারেন না। সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিকতা আনয়ন এবং স্বচ্ছতা নিশ্চিত করা হলে প্রকারন্তরে সাধারণ সদস্যদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে। এজন্য সেবাটি সহজ করা প্রয়োজণ।

**গ ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি :**

| ক্র নং | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ১ | সেবা প্রদানকারী অফিস | জেলা সমবায় কার্যালয়,নোয়াখালী ও অধীনস্ত উপজেলা সমবায় কার্যালয়সমূহ। |
| ২ | সেবা সংক্ষিপ্ত বিরবণ | সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিকতা রক্ষা করার জন্য একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ মাঠ পর্যায়ের একটি গুরুত্বপূর্ন সেবা। সমবায় সমিতির নির্বাচিত/নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি মেয়াদের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে না পারলে সমবয় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩ এর ১৮ (৫) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মুলধন ৫০,০০০/- টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার নিয়োগ প্রদান করেন। |
| ৩ | বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা | ৭৯৫ টি সমবায় সমিতি। |
| ৪ | সেবা প্রাপ্তির শর্তাবলি | ব্যবস্থাপনা কমিটির সভার রেজুলেশনসহ আবেদন দাখিল করলে সেবা প্রদান করা হয়। |
| ৫ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী | জেলা সমবায় অফিসর ও উপজেলা সমবায় অফিসার। |

| | | |
|---|---|---|
| ৬ | সেবা প্রাপ্তির সময় | ১০-১৪ দিন |
| ৭ | সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র | ব্যবস্থাপনা কমিটির সভার রেজুলেশনসহ আবেদন |
| ৮ | সেবা প্রাপ্তির জন্য খরচ | নেই |
| ৯ | সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা | ৩-৫ বার |
| ১০ | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নিতিমালার তালিকা | পারলে সমবয় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩ এর ১৮ (৫) ধারা |
| ১১ | সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা পদবী ও ইমেইল ও ফোন | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক,চট্রগ্রাম বিভাগ,চট্রগ্রাম।<br>jrofficectg@yahoo.com<br>ফোন: ০২৩৩৩৩৫৮৬৯৫ |
| ১২ | সেবা প্রাপ্তি/প্রদানের ক্ষেত্রে অসুবি/সমস্যা/চ্যালেঞ্জসমূহ | ১. সেবাগ্রহীতা কখন আবেদন করতে হয় জানেনা<br>২. কীভাবে আবেদন করতে হয় জানেনা।<br>৩. কমিটি অবৈধ হলে এর দায় সম্পর্কে সঠিক জ্ঞানের অভাব রয়েছে।<br>৪. স্বেচ্ছাচারিতার মাধ্যমে অবৈধ কমিটি কাজ সম্পাদন করে। |
| ১৩ | অন্যান্য | সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারার শর্ত মোতাবেক বিগত ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে থাকতে পারবেন না। অজ্ঞতার কারণে অনেক সময় তাদের নাম প্রস্তাব করা হয়। তাছাড়া সরকারি কর্মকর্তাদের নাম প্রস্তাবের সময় অনেক সময় তাদের সম্মতি নেয়া হয়না। তাছাড়া আবেদনের কোন ফরম্যাট না থাকায় আবেদন প্রত্যাখ্যান করে পুনরায় দাখিলের জন্য বলা হয়ে থাকে। প্রস্তাবিত পদ্ধতিতে আবেদনের নমুনা জেলা ও উপজেলার ওয়েবসাইটে দেয়া থাকবে এবং নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ সমিতিতে যোগাযোগ করে প্রয়োজনে সরবরাহ করবেন। |

২। **বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ :**

প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ।

| সেবা প্রদানের ধাপ | কাযক্রম | প্রতি ধাপের সময় | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবী) |
|---|---|---|---|
| ধাপ-১ | অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান | ১ দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ-২ | অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রস্তুত ও স্বাক্ষর | ১ দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ-৩ | অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কাযবিবরণী ও অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন উপজেলা সমবায় অফিসে দাখিল | ১-৩ দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ-৪ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহণ | ১ দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ-৫ | উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ | ১-২ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-৬ | উপজেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথিতে উপস্থাপন | ৩-৫ দিন | সহকারী পরিদর্শক |
| ধাপ-৭ | প্রস্তাবিত খসড়া অনুমোদন | ১-২ দিন | উপজেলা সমবায় |

| | | | |
|---|---|---|---|
| | | | অফিসার |
| ধাপ-৮ | সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার উর্ধে হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক সমবায় সমিতি হতে প্রাপ্ত কাগজপত্র জেলায় অগ্রায়ণ। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন । | ১-২ দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ-৯ | পত্র জারীকরণ এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরণ | ১-২ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-১০ | প্রাপ্ত আবেদন জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ | ১ দিন | জেলা সমবায় অফিসার |
| ধাপ-১১ | প্রাপ্ত আবেদন ডাইরিভুক্ত করণ | ১-২ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-১২ | জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথি উপস্থাপন। | ১-৩ দিন | পরিদর্শক |
| ধাপ-১৩ | উপ-সহকরী নিবন্ধক কর্তৃক নথিতে স্বাক্ষর | ১-২ | উপ-সহকারী নিবন্ধক |
| ধাপ-১৪ | জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি অনুমোদন | ১-২ দিন | জেলা সমবায় অফিসার |
| ধাপ-১৫ | অনুমোদিত পত্রে ইস্যু নম্বর প্রদান | ১-২ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-১৬ | অনুমোদিত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির কপি সমিতিতে ও উপজেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ | ১-২ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা
নোয়াখালী ।